অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/28/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

বিরাজমান COVID-19 বৈশ্বিক মহামারী চলাকালে, গভর্নর কুউমো নিউ ইয়র্কের প্রেসিডেনশিয়াল প্রাইমারি নির্বাচনকে পিছিয়ে 23শে জুন আয়োজনের জন্য কার্যনির্বাহী আদেশ জারি করেছেন

ব্যক্তিগত এবং প্রাতিষ্ঠানিক করের জন্য 15ই জুলাই পর্যন্ত ট্যাক্স ফাইলিংয়ের শেষ সময়সীমা বেঁধে দেয়ার জন্য নির্বাহী আদেশ জারি করেছেন

নিউ ইয়র্ক স্টেটের ওয়েডসওর্থ ল্যাব নতুন অ্যান্টিবডি পরীক্ষার মূল্যায়ন শুরু করেছে

স্টেটের সক্ষমতা বৃদ্ধিতে 695টি হাসপাতাল শয্যা যুক্ত করতে গভর্নর তিনটি নতুন স্থানের ঘোষণা দিয়েছেন; স্টেট কেবলমাত্র COVID-19 রোগীদের জন্য কিছু ফ্যাসিলিটি ব্যবহার করা শুরু করবে

গভর্নরের অনুরোধ ভিত্তিতে, ফেডারেল সরকার অস্থায়ী হাসপাতালের জন্য অতিরিক্ত চারটি স্থানের অনুমোদন দিয়েছে

জ্যাকব কে. জেভিটস কনভেনশন সেন্টারে প্রথম 1000 শয্যাবিশিষ্ট অস্থায়ী হাসপাতাল সোমবার চালু হবে বলে প্রত্যাশিত

COVID-19 বৈশ্বিক মহামারী মাঝে স্টেটব্যাপী 70টি অলাভজনক সংস্থা ক্ষুদ্র ব্যবসায়ের জন্য প্রযুক্তিগত সহায়তা প্রদানের জন্য পরিচালনা সহায়তা তহবিল হিসেবে 7.5 মিলিয়ন মার্কিন ডলার অর্থ যোগান লাভ করবে

নিউ ইয়র্ক স্টেটে আরও 7,681টি করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করা হয়েছে - যা স্টেটব্যাপী মোট আক্রান্তের সংখ্যাকে 52,318-তে উন্নীত করে; নতুন ঘটনাসমূহ 44 টি কাউন্টিতে

চলমান করোনাভাইরাস ডিজিজ 2019 (COVID-19) বিশ্বব্যাপী মহামারীর মাঝে, গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো প্রেসিডেনশিয়াল প্রাইমারি নির্বাচনকে 28 এপ্রিল থেকে সরিয়ে 23শে জুন আয়োজনের জন্য একটি কার্যনির্বাহী আদেশ জারি করছেন, যা এটিকে নিউ ইয়র্কের কংগ্রেসনাল ও লেজিসলেটিভ প্রাইমারির সাথে একীভূত করে তুলবে।

এছাড়া গভর্নর কুউমো ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক করের জন্য ট্যাক্স ফাইলিংয়ের শেষ সময় 15 জুলাইয়ে বেঁধে দেয়ার জন্য একটি নির্বাহী আদেশ জারি করেছিলেন। এই মাসের শুরুর দিকে ফেডারেল সরকারও একই পদক্ষেপ নিয়েছিল।

গভর্নর আরও ঘোষণা করেছিলেন যে স্টেট স্বাস্থ্য অধিদপ্তরের (State Department of Health) ওয়েডসওর্থ ল্যাব (Wadsworth Lab) অন্য ল্যাবগুলোর সাথে অংশীদার হয়ে কাজ করছে যাতে অ্যান্টিবডি পরীক্ষার মূল্যায়ন করা যায় যা খুবই অসুস্থ COVID-19 রোগীদের সহায়তা করার জন্য নকশা করা হয়েছে।

সেই সাথে গভর্নর জরুরি শয্যা হিসাবে সেবাদান করার জন্য তিনটি নতুন স্থান - স্ট্যাটেন আইল্যান্ডে সাউথ বিচ সাইকিয়াট্রিক সেন্টার (South Beach Psychiatric Center), ব্রংক্সে ওয়েস্টচেস্টার স্কয়ার (Westchester Square) এবং আলস্টার কাউন্টিতে হেলথ অ্যালায়েন্স (Health Alliance) - এর ঘোষণা করেছেন। তিনটি নতুন স্থান স্টেটের সক্ষমতাতে আরও 695টি শয্যা যুক্ত করবে। অধিকন্তু, এক নতুন পদ্ধতির মাধ্যমে, স্টেট শুধু COVID-19 রোগীদের জন্য কিছু ফ্যাসিলিটির ব্যবস্থাপনা শুরু করবে। স্টেট তিনটি সাইট সনাক্ত করেছে - স্ট্যাটেন আইল্যান্ডে সাউথ বিচ সাইকিয়াট্রিক ফ্যাসিলিটি, ব্রংক্সে ওয়েস্টচেস্টার স্কয়ার এবং ব্রুকলিনের স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (State University of New York, SUNY) ডাউনস্টেট - যা বিশেষত COVID-19 রোগীদের জন্য 600 টিরও বেশি শয্যা সরবরাহ করবে।

আজ সকালে প্রেসিডেন্ট ট্রাম্পের সাথে কথোপকথনের পরে, গভর্নর কুউমো আরও ঘোষণা করেন যে ফেডারেল সরকার সেনাবাহিনীর প্রকৌশল বিভাগ (Army Corps of Engineers) কর্তৃক অস্থায়ী হাসপাতাল নির্মাণের জন্য চারটি নতুন স্থান অনুমোদন করেছে - ব্রুকলিন ক্রুজ টার্মিনাল (Brooklyn Cruise Terminal), কুইন্সে অ্যাকুইডাক্ট রেসট্র্যাক ফ্যাসিলিটি (Aqueduct Racetrack facility), সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (CUNY) স্ট্যাটেন আইল্যান্ড এবং ব্রংক্সে নিউ ইয়র্ক এক্সপো সেন্টার (New York Expo Center) - যা স্টেটের ধারণ ক্ষমতায় অতিরিক্ত 4,000 টি শয্যা যুক্ত করবে। গতকাল এই চারটি জায়গা পরিদর্শন করেছেন গভর্নর। এই অস্থায়ী হাসপাতালের স্থানসমূহ গভর্নরের ওয়েস্টচেস্টার, রকল্যান্ড, নাসাউ এবং সাফোক কাউন্টিসহ প্রতিটি নিউ ইয়র্ক সিটি বরোতে 1,000-এরও বেশি রোগীর স্ফীতি সামলানোর সুবিধা রাখার লক্ষ্যের একটি অংশ।

"প্রতিটি জরুরী পরিস্থিতিই আলাদা, তবে প্রথম নিয়ম হলো সর্বদা পরিকল্পনা করা এবং এগিয়ে থাকা - এবং আমরা ঠিক তাই করার চেষ্টা করে যাচ্ছি," **গভর্নর কুওমো বলেন।** "সবচেয়ে বড় আঘাতের সময় প্রস্তুত থাকা এবং সঠিক সরঞ্জাম, রসদ, সুযোগসুবিধা এবং কর্মী নিযুক্ত করাই আমাদের লক্ষ্য। আমরা অব্যাহভাবে যতটা সম্ভব ঘনত্ব হ্রাস করার জন্য জরুরি ব্যবস্থা গ্রহণ করছি এবং সে লক্ষ্যে আমরা প্রেসিডেনশিয়াল প্রাইমারি নির্বাচনকে জুন পর্যন্ত বিলম্বিত করতে যাচ্ছি কারণ বিপুল সংখ্যক লোককে এক জায়গায় ভোট দেওয়ার জন্য আনা বুদ্ধিদীপ্ত কাজ নয়।"

একইসাথে গভর্নর ঘোষণা করেছিলেন যে জ্যাকব কে. জেভিটস কনভেনশন সেন্টারে (Jacob K. Javits Convention Center) এক হাজার শয্যা বিশিষ্ট প্রথম অস্থায়ী হাসপাতালটি সোমবার খোলা হবে বলে আশা করা হচ্ছে। এই অস্থায়ী হাসপাতালের স্থানটি এক সপ্তাহের মধ্যে নির্মিত হয়েছিল।

তাছাড়া গভর্নর আরও ঘোষণা করেছেন যে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট বোর্ড অফ ডিরেক্টরস (Empire State Development Board of Directors) নিউ ইয়র্ক স্টেট জুড়ে 70টি অলাভজনক অংশীদারদের জন্য COVID-19 বিজনেস কাউন্সেলিং সাপোর্টের (Business Counseling support) জন্য 7.5 মিলিয়ন মার্কিন ডলার অনুমোদিত করেছে। এই অর্থায়ন COVID-19 বৈশ্বিক মহামারীর মধ্যে, স্মল বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন ইকোনমিক ইনজুরি ডিজাস্টার লোনের (Small Business Administration Economic Injury Disaster Loans) মতো, প্রয়োজনীয় দুর্যোগ সহায়তা সুরক্ষার নির্দেশিকা ছোট ব্যবসাগুলোতে সরবরাহ করতে সক্ষম করবে। 24 টি আন্ট্রাপ্রিনিউয়ারশিপ অ্যাসিসটেন্স সেন্টার (Entrepreneurship Assistance Centers) এবং 23টি স্মল বিজনেস ডেভেলপমেন্ট সেন্টার (Small Business Development Centers) 5 মিলিয়ন মার্কিন ডলার লাভ করবে, সেই সাথে 2.5 মিলিয়ন মার্কিন ডলার তহবিল দেয়া হবে 23টি কমিউনিটি ডেভেলপমেন্ট ফিন্যান্সিয়াল ইন্সটিটিউশনকে (Community Development Financial Institutions)।

পরিশেষে, গভর্নর আরও 7,681টি নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেটজুড়ে মোট আক্রান্তের সংখ্যা 52,318-এ উন্নীত হয়েছে। মোট 52,318 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	195	8
Allegany	2	0
Broome	23	5
Cattaraugus	1	1
Cayuga	2	0
Chautauqua	5	4
Chemung	12	1
Chenango	8	4
Clinton	12	1
Columbia	22	2
Cortland	5	1
Delaware	8	0
Dutchess	262	37
Erie	318	99
Essex	4	0
Franklin	4	2
Fulton	1	0

Genesee	7	1
Greene	7	1
Hamilton	2	0
Herkimer	9	0
Jefferson	6	3
Livingston	5	2
Madison	19	2
Monroe	192	32
Montgomery	5	0
Nassau	5537	880
Niagara	33	10
NYC	29766	4368
Oneida	23	10
Onondaga	129	14
Ontario	16	2
Orange	1101	190
Orleans	3	0
Oswego	7	3
Otsego	7	2
Putnam	131	20
Rensselaer	38	3
Rockland	1896	439
Saratoga	96	14
Schenectady	72	6
Schoharie	5	2
Schuyler	1	1
St. Lawrence	8	5
Steuben	13	1
Suffolk	4138	753
Sullivan	72	8
Tioga	4	2
Tompkins	45	19
Ulster	128	29
Warren	13	5
Washington	6	0
Wayne	12	1
Westchester	7875	688
Wyoming	7	0

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন